গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২৬. ৫৩ ৫৫ তারিখ:-৩০ /০৮/২০২৬ খ্রি.।

বিষয়:- পোষা পাখি লালন-পালন খামারের জন্য ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।

সূত্র:- ১। লাইসেন্স নং- ৫১, তারিখ:- ৩০/০৬/২০২২ খ্রি.।
২। পজেশন সার্টিফিকেট নং- ৪৯, তারিখ:- ৩০/০৬/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা- ২০২০ অনুসরণ পূর্বক সূত্রোক্ত ১ ও ২ স্মারক মূলে আপনার নামে পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়। আপনার নামে ইস্যুকৃত উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের এর মেয়াদ গত ৩০/০৬/২০২৩ খ্রি. তারিখে শেষ হয়।

আপনার নামে ইস্যুকৃত লাইসেন্সের শর্তাবলী সমূহের মধ্যে ক্রমিক নং- ৩ এর শর্তে স্পষ্ট উল্লেখ আছে যে, "লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে বা, ক্ষেত্রমত, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৬০(ষাট) দিন বা, ক্ষেত্রমত, ৯০(নব্বই) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে"।

উল্লেখিত সময়সীমার মধ্যে আপনার নিকট হতে নবায়নের আবেদন না পাওয়ায় অত্র দপ্তর হতে আপনার নামে ইস্যুকৃত পোষা পাখি লালন-পালন খামারের লাইসেন্সের ৩ নং শর্তানুযায়ী ইস্যুকৃত লাইসেন্সটি এতদ্বারা বাতিল করা হলো।

পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা- ২০২০ এর বিধি ১৬ তে উল্লেখ রয়েছে যে "খামারীর লাইসেন্স বাতিল করা হইলে তাহার পজেশন সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে"। অত্র পত্র মূলে আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স বাতিলের সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে আপনার নামে ইস্যুকৃত পজেশন সার্টিফিকেট বাতিল বলিয়া গণ্য হইবে।

উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অনুবলে কোন ধরনের কার্যক্রম পরিচালনা করা হতে বিরত থাকার জন্য বলা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এর মূল কপি অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(এম.কে.এম. ইকবাল হোসাইন চৌধুরী)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

জনাব মোঃ আজম আলী
এ.বি. এন্টারপ্রাইজ
পিতা- আঃ মান্নান
গ্রাম- জাটি, পোঃ- মহিষার ঘোপ
থানা- আলফাডাঙ্গা, জেলা- ফরিদপুর।

বর্তমান ঠিকানা:- ১৬৪/২, সালেহা মঞ্জিল রোড, আশকোনা, থানা- দক্ষিণ খান, ঢাকা- ১২৩০।

প্রধান বন সংরক্ষকের কার্যালয়
রিমস্ ইউনিট
নিবন্ধন নং- ৯৫৭
তারিখঃ ২৮/০৯/২০২৮
প্রধান / সহকারীর স্বাক্ষরঃ
☐ কম্পিউটার প্রোগ্রামার
☐ সহকারী বন সংরক্ষক / গবেষণা কর্মকর্তা / সহকারী কম্পিউটার প্রোগ্রামার
☐ নক্সাকার
☐ প্রধান সহকারী / উচ্চমান সহকারী
☐ ফরেস্টার
☐ অফিস সহকারী
☑ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ দ্রুত ব্যবস্থা নিন
☐ নথিজাত করুন
উপ বন সংরক্ষক

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে:-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৩। মহাপরিচালক, প্রাণী সম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৬। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৭। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৮। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১১। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১২। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।